# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ


**প্রধান কার্যালয়**

**কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক**

**ফার্মগেট,ঢাকা-১২১৫।**

ফোন:০২-৯১৩১৫৮০, ফ্যাক্স:০২-৯১১৬৩৩২, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েব- www.dkib.org


**২২/০৮/২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর জাতীয় কমিটির সভার কার্যবিবরণীঃ**

অদ্য ২২/০৮/২০১৫ খ্রিঃ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় আ.কা.মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়াম, ফার্মগেট, ঢাকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর সভাপতি জনাব এ.টি.এম আবুল কাশেম। সভা পরিচালনা করেন ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ,কেন্দ্রীয় নির্বাহী কমিটির মহাসচিব,ডিপ্লোমা কৃষিবিদ জনাব মোঃ আব্দুর রাশেদ খান।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব মোঃ মিজানুর রহমান, ভারপ্রাপ্ত সভাপতি, যশোর অঞ্চল কমিটি। পবিত্র গীতা পাঠ করেন বাবু নারায়ন চন্দ্র নাথ, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। পবিত্র ত্রিপিঠক পাঠ করেন বাবু অনুপম বড়ুয়া, এসএএও, চট্টগ্রাম।

সভায় ১৫ই আগষ্ট ১৯৭৫ সালে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ তার পরিবারের যে সকল সদস্য শাহাদত বরণ করেছেন, ২১শে আগষ্ট ২০০৪ গ্রেনেড হামলায় যে সকল নেতৃবৃন্দ শাহাদত বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করে এবং ডিপ্লোমা কৃষিবিদ বাহাউদ্দিন খান, এসএএও (অবঃ), ভৈরব, কিশোরগঞ্জ, দেলোয়ার হোসেন সুরুজ, এসএএও, করিমগঞ্জ, কিশোরগঞ্জ, শহিদুল ইসলাম, এসএএও, শৈলকুপা, ঝিনাইদহ, মতিয়ার রহমান, এসএএও, আলফাডাংগা, ফরিদপুর, সাহাব উদ্দিন, এসএএও, বাঘা, রাজশাহী, আনিচুর রহমান, এসএএও (অবঃ), সদর, টাংগাইল, আমিরুল হুদা, এসএএও (অবঃ), বাসাইল, টাংগাইল, মোঃ ইব্রাহিম মিয়া, মধুপুর, টাংগাইল, মোঃ জাহাঙ্গীর আলম, এসএএও, দৌলতখান, ভোলা, আঃ ছালাম খন্দকার, এসএএও, চৌদ্দগ্রাম, কুমিল্লা, রুহুল আমিন, এসএএও, চৌদ্দগ্রাম, কুমিল্লা, হুমায়ুন কবির, এসএএও, মুরাদনগর, কুমিল্লা, মহিউদ্দিন, এসএপিপিও, হোমনা, কুমিল্লা, আনোয়ার হোসেন, এসএপিপিও, দাউদকান্দি, কুমিল্লা, নুরুল ইসলাম, এএইও (অবঃ), কসবা, বাহ্মণবাড়িয়া, মোঃ সোলাইমান, এসএএও, মনোহরদী, নরসিংদী, মফিজ উদ্দিন, এসএএও, মনোহরদী, নরসিংদী, নুরুজ্জামান, এসএএও, শিবপুর, নরসিংদী, সুকুমার রায়, এসএএও, পলাশ, নরসিংদী, শাহাদাত হোসেন (ভারপ্রাপ্ত সভাপতি) ঈশ্বরদী ইউনিট ও সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা, গম গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুর, জনাব একেএম আব্দুর রাজ্জাক, এসএপিপিও, ধুনট, বগুড়া এর পিতা হামিদুর রহমান খান, ময়মনসিংহ অঞ্চল এবং ময়মনসিংহ জেলা বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদের প্রধান উপদেষ্টা জনাব আব্দুল কাইয়ুম এর স্ত্রী সহ অদ্যাবধি যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করে এবং গত সভার পর হতে অদ্যাবধি বরিশাল অঞ্চল কমিটির সাধারণ সম্পাদক জনাব এস এম মনোয়ার হোসেনের মাতা জনাবা মাজেদা বেগম সহ যে সকল ডিপ্লোমা কৃষিবিদগণ অসুস্থ্য আছেন তাদের সুস্থ্যতা কামনা করে মোনাজাত পরিচালনা করেন, জনাব আবুল কাশেম, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

অতঃপর স্বাগত বক্তব্য রাখেন ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সভাপতি জনাব এ.টি.এম আবুল কাশেম। তিনি ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ তার পরিবারের যে সকল সদস্য শাহাদত বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি ২১শে আগষ্ট ২০০৪ গ্রেনেড হামলায় যে সকল নেতৃবৃন্দ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মারও মাগফেরাত কামনা করেন। সাথে সাথে গ্রেনেড হামলায় যারা আহত ও পঙ্গুত্ব বরণ করেছেন তাদের প্রতি সহমর্মিতা শ্রদ্ধা জ্ঞাপন করে তার বক্তব্য শুরু করেন। তিনি তার বক্তব্যে ১০ম গ্রেড বেতন স্কেল সহ ২য় শ্রেণী পদমর্যাদা বাস্তবায়নে ইতোমধ্যে যে সব কার্যক্রম করা হয়েছে তার বিস্তারিত বিবরণ প্রদান করেন। তিনি বেতন স্কেল বাস্তবায়নে বাংলাদেশ জাতীয় সংসদের সরকারী প্রতিশ্রুতি সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব কাজী কেরামত আলী, এমপি মহোদয়ের সাথে সাক্ষাতকার এবং মাননীয় এমপি মহোদয় কর্তৃক প্রধানমন্ত্রী বরাবরে ডি.ও লেটার প্রেরণের কার্যক্রম তুলে ধরেন। এতদ্বসংক্রান্ত কাজে সহযোগীতা করার জন্য ডিকেআইবি রাজবাড়ী জেলা শাখার নেতৃবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তাছাড়া কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক, জনাব শেখ শহীদ মোঃ আব্বাছ সাহেব কর্তৃক রংপুর জেলা আওয়ামী লীগ নেতৃবৃন্দের সহযোগীতায় মাননীয় প্রধানমন্ত্রীর এ.পি.এস সাহেবের সাথে সাক্ষাতকারের ব্যবস্থা গ্রহণ করা সহ মহা-সম্মেলন করার আশ্বাসের কথা উল্লেখ্য করেন। তিনি সিলেট জেলা ও অঞ্চলের ডিকেআইবির নেতৃবৃন্দ এবং বৃহত্তর সিলেটের আওয়ামী লীগের নেতৃবৃন্দের মাধ্যেমে ১০ম গ্রেড সহ ২য় শ্রেণীর পদমর্যাদা বাস্তবায়নে মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়ের সাথে ফলপ্রসূ আলোচনার বিষয় উল্লেখ করেন এবং সিলেট জেলার নেতৃবৃন্দ ও অঞ্চলের ভারপ্রাপ্ত সভাপতি সহ সকল নেতৃবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সকল স্তরের বার্ষিক চাঁদা পরিশোধ করার আহবান জানান। তা ছাড়া তিনি সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে পদোন্নতি, কৃষি সম্প্রসারণ পদে চলতি দায়িত্ব প্রদান, সিলেকশন গ্রেড প্রদান, নিয়োগ বিধি সংশোধনের কার্যক্রম, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কর্তৃক প্রণীত রিভিজিট রিভিউ করা এবং আ.কা.মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়ামে ডিপ্লোমা কৃষিবিদ কর্মকর্তাদের জন্য রুম বরাদ্দ করা সহ গত সভার পর হতে এ পর্যন্ত যে সমস্ত সাংগঠনিক কার্যক্রম করা হয়েছে তার বিস্তারিত বিবরণ প্রদান করেন। অতঃপর তিনি মহাসচিব মহোদয়কে জাতীয় কমিটি সভার সকল আলোচ্য সূচীর বিষয়বস্তু সম্পর্কে প্রাথমিক ধারণা প্রদান পূর্বক সভা পরিচালনা করার জন্য আহবান জানান।

মহাসচিব কর্তৃক গত ২৮ মার্চ ২০১৫ তারিখে সভার কার্য বিবরণী অনুমোদনের আহবানের প্রেক্ষিতে উক্ত কার্য বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

মহাসচিব জনাব মো: আব্দুর রাশেদ খান তার বক্তব্যে ডিপ্লোমা কৃষিবিদদের এএইও পদ থেকে এইও পদে চলতি দায়িত্ব প্রদান, সিলেকশনগ্রেড প্রদান, রিভিজিট বাস্তবায়নের পূর্বে নীতিমালা প্রণয়ন ও মাঠে প্রেরন, আ.কা.মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়ামে ডিপ্লোমা কৃষিবিদ কর্মকর্তাদের জন্য রুম বরাদ্দ করা, ডিডিএই অফিস, এডিএই অফিস এবং অন্যান্য কার্যালয়ে ডিপ্লোমা কৃষিবিদদের জন্য পদ সৃষ্টি না করা পর্যন্ত মাঠ খালি রেখে কোন প্রকার ডেপুটেশন আদেশ না করার জন্য এবং ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর সুপারিশ অনুযায়ী যথাযথ স্থানে প্রয়োজনীয় পদ সৃষ্টি করে রিভিজিট রিভিউ করার দ্রুত পদক্ষেপ গ্রহনের জন্য, শূন্য পদ সমূহে এএইও/সমমান পদে পদোন্নতি প্রদান, এইও পদে ডিপ্লোমা কৃষিবিদ এএইও দের মধ্য থেকে চলতি দায়িত্বে পদোন্নাতি প্রদান এবং সিলেকশনগ্রেড প্রদান প্রক্রিয়া দ্রুত করার জন্য মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয় সহ উপস্থিত জাতীয় কমিটির সদস্যদের দৃষ্টি আকর্ষন করে বক্তব্য রাখেন।

আলোচ্যসূচী-১ঃ <u>ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বেতন স্কেলসহ ২য় শ্রেণীর পদমর্যাদা বাস্তবায়নের অগ্রগতি প্রসঙ্গে ঃ</u>

সিদ্ধান্ত-১ ঃ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বেতন বৈষম্য দূরীকরন সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির স্থগিতকৃত সভা পুন: আহ্বান করত: ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের ১০ম গ্রেড বেতন স্কেল সহ ২য় শ্রেণীর পদমর্যাদা প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় অর্থ মন্ত্রীর নিকট জোর দাবী জানানো হলো।

আলোচ্যসূচী-২ ঃ <u>২০১৪ ইং সালের কেন্দ্রীয় কমিটির বার্ষিক এবং কল্যাণ তহবিলের চাঁদা, প্রতিশ্রুতি মোতাবেক কেন্দ্রের যাবতীয় বকেয়া চাঁদা সহ ২০১৫ সালের চাঁদা এবং সংগঠনের সকল স্তরের চাঁদা পরিশোধ সংক্রান্তঃ</u>

সিদ্ধান্ত-২ ঃ (ক) ২০১৪ এবং ২০১৫ ইং সালের কেন্দ্রীয় কমিটির বার্ষিক এবং কল্যাণ তহবিলের চাঁদা, আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৫ ইং মধ্যে পরিশোধ করার জন্য ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশের সকল সদস্যদেরকে অনুরোধ করা হলো।

(খ) এখন থেকে নিম্ন ছকে সদস্য প্রতি চাঁদা প্রদানের প্রতিবেদন সহ চাঁদা জমা দেবার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | সদস্য নম্বর | নাম | পদবী | কর্মস্থল | প্রদত্ত চাঁদা ২০১৪ | | প্রদত্ত চাঁদা ২০১৫ | | মোট প্রদত্ত চাঁদা | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বার্ষিক | কল্যাণ | বার্ষিক | কল্যাণ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

(গ) যে সকল জেলার চাঁদা আদায়ে সমস্যা আছে সে সকল জেলাকে প্রাধান্য দিয়ে কেন্দ্রীয় নেতৃবৃন্দের সফর সূচী তৈরী করত: সাংগঠনিক সফর করার সিদ্ধান্ত গৃহিত হলো।এ বিষয়ে সাংগঠনিক সম্পাদককে সফর সূচী প্রণয়ন ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

(ঘ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় তহবিল সিএ ফার্ম কর্তৃক ১ জানুয়ারী/১৪ ইং হতে ৩১ ডিসেম্বর/১৪ ইং পর্যন্ত সময়ের অডিট সম্পন্ন করা হয়েছে। উক্ত নিরীক্ষা প্রতিবেদন জাতীয় কমিটির সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থিত সদস্যদের নিরীক্ষা প্রতিবেদনের কপি বিতরন করা হয়। সভায় নিরিক্ষীত সময়ের নিরীক্ষা প্রতিবেদন ব্যতিত অন্যান্য অপ্রয়োজনীয় কাগজপত্র ও নিরিক্ষীত বিল ভাউচার গঠনতন্ত্রের ৯.৪ এর (ক) উপধারা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্যসূচী-৩ ঃ <u>কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুমোদিত রিভিজিট প্রসঙ্গেঃ</u>

সিদ্ধান্ত-৩ঃ (ক) ৪জুন, ২০১৪ ইং তারিখে কৃষি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারির মাধ্যমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জন্য অনুমোদিত রিভিজিট-২০১৪ এ ডিপ্লোমা কৃষিবিদদের মোট পদসংখ্যা বৃদ্ধি পেলেও বিভিন্ন স্তরে পদ সংখ্যা কমে যাওয়া/অপর্যাপ্ত হওয়া/বিলুপ্ত হওয়ায় ডিপ্লোমা কৃষিবিদদের মনে হতাশা ও ক্ষোভের সৃষ্টি হয়েছে। এমতাবস্থায় অনুমোদিত রিভিজিটে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর প্রস্তাবনার আলোকে রিভিউ করার জন্য মহাপরিচালক সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হলো।

(খ) রিভিজিট বাস্তবায়নের পূর্বে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত নীতিমালা যথাযথ স্থানে প্রেরন করার জন্য এবং সাথে সাথে রিভিজিট বাস্তবায়নের কারনে যাতে কোন উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের বদলী সংক্রান্ত কোন প্রকার অসুবিধায় পড়তে না হয় তার জন্য রিভিজিট বাস্তবায়নের নীতিমালা প্রণয়ন সহ অনুমোদিত রিভিজিট পাঁচ বছরে বাস্তবায়ন করার জন্য মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

(গ) রিভিজিট রিভিউ সংক্রান্ত কমিটিতে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কর্তৃক প্রদত্ত প্রস্তাবনার আলোকে ডিপ্লোমা কৃষিবিদদের নতুন পদ সৃষ্টি করার যৌক্তিকতা তুলে ধরে সক্রিয় ভূমিকা পালন করার জন্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির নেতৃবৃন্দের প্রতি আহবান জানানো হয়।

আলোচ্য সূচী-৪ঃ <u>সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (এএইও)/সমমানদের শূন্য পদে পদোন্নতি প্রদান প্রসংগেঃ</u>

সিদ্ধান্ত-৪ঃ (ক) এএইও/সমমান শূন্য পদে পদোন্নতি প্রদানের নিমিত্তে ১৯৭৯ সালের ১জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত সময়ে যোগদানকৃত সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১৩৮ জনের তালিকা পদোন্নতির জন্য পিএসসিতে প্রক্রিয়াধীন আছে। অনতিবিলম্বে এএইও/সমমান পদে পদোন্নতি প্রদান করার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

(খ) ১৯৮০সালের ১জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত সময়ে যোগদানকৃত সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের সার্ভিস বহি এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি খামারবাড়িতে আনয়ন পূর্বক, এএইও/সমমান পদে পদোন্নতির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য মহাপরিচলক, কৃষি সম্প্রসারণ মহোদয়কে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-৫ঃ বি.সি.এস(কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে সংরক্ষিত কোটায় ডিপ্লোমা কৃষিবিদ এএইও/সমমানদের চলতি দায়িত্ব প্রদান প্রসঙ্গেঃ

সিদ্ধান্ত-৫ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ এএইও/সমমানদের জন্য সংরক্ষিত ২০% বি.সি.এস(কৃষি) ক্যাডার পদে পদোন্নতি কোটার পদ সমূহ দীর্ঘদিন যাবত খালি আছে বিধায় খালি পদ সমূহে চলতি দায়িত্বে পদোন্নতি প্রদানের জন্য মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক তালিকা প্রস্তুত করা হলেও আজ পর্যন্ত চলতি দায়িত্বে পদোন্নতি প্রদান না করায় অত্র সভায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয় এবং অনতিবিলম্বে বি.সি.এস(কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে সংরক্ষিত কোটায় ডিপ্লোমা কৃষিবিদ এএইও/সমমানদের চলতি দায়িত/অতিরিক্ত দায়িত্ব প্রদান করার জন্য মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবরে অনুরোধ করা হয়।

(খ) বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে ডিপ্লোমা কৃষিবিদদের পদোন্নতির কোটা ২০% থেকে ৩৩.৩৪% এ উন্নীত করণের ব্যাপারে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মতামত চেয়ে প্রায় ০৫(পাঁচ) বছর পূর্বে কৃষি মন্ত্রণালয় থেকে খামারবাড়িতে পত্র প্রেরণ করা হয়েছিল। আজ পর্যন্ত এ ব্যাপারে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে কোন প্রকার মতামত প্রদান না করায় অত্র সভায় গভীর ক্ষোভ প্রকাশ করছে এবং ফিডার পদের কর্মকাল ৫ বছর থেকে কমিয়ে ৩ বছর করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-৬ ঃ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত ঃ

সিদ্ধান্ত-৬ঃ গ্রেডেশন নং ৬৬০৮ থেকে ৭১৯১ পর্যন্ত (চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ২০/১২/৮২খ্রিঃ হতে ৩১/১২/৮২খ্রিঃ পর্যন্ত) মোট ৫৮৪ জন উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের সিলেকশনগ্রেড প্রদান করার জন্য চাকুরি বহি সহ আনুষঙ্গিক কাগজপত্রাদি খামারবাড়িতে আনয়ন এর জন্য পত্র প্রেরন করা হয়েছে। অনতিবিলম্বে প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ চাকুরি বহি মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয় বরাবরে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ ৭-নিয়োগ বিধি সংশোধন সংক্রান্তঃ

সিদ্ধান্তঃ ৭-(ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়োগ বিধিমালা ২০১৫ সংশোধন করার জন্য গঠিত বিভাগীয় কমিটিতে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ কর্তৃক প্রস্তাবনার আলোকে উপস্থাপন পূর্বক প্রস্তাবিত সংশোধনি বাস্তবায়ন করার জন্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির প্রতি আহ্বান জানানো হলো।

(খ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়োগ বিধিমালা ২০১৫ তে বিসিএস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে ডিপ্লোমা কৃষিবিদদের জন্য সংরক্ষিত ২০% কোঠা সঠিক আছে কি না এ ব্যপারে দৃষ্টি জ্ঞাপন সহ এ কোঠা বৃদ্ধি করে ৩৩.৩৪% এ উন্নীত করার জন্য গঠিত বিভাগীয় কমিটিতে উপস্থাপন পূর্বক বাস্তবায়ন করার জন্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির প্রতি আহ্বান জানানো হলো।

(গ) কর্মরত ডিপ্লোমা কৃষিবিদদের বিভিন্ন পদে চাকুরী বিবরণী প্রনয়ন/সংশোধন করা, চাকুরী বিবরণীতে দায়িত্ব ও কর্তব্য লিপিবদ্ধ করনের জন্য গঠিত কমিটিতে উপস্থাপন পূর্বক বাস্তবায়ন করার জন্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির প্রতি আহ্বান জানানো হলো।

আলোচ্য সূচী ঃ ০৮- বিবিধ

(ক) জনাব এস এম আবদুল মালেক, সহ-সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটির এর বদলী স্থগিত করণ প্রসঙ্গেঃ

সিদ্ধান্ত- জনাব এস এম আবদুল মালেক, সহ-সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটি ও সভাপতি, চট্টগ্রাম জেলা কমিটিকে উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে পদ পরিবর্তন করে লালমনিরহাট জেলার কালিগঞ্জ উপজেলায় বদলী করায় অত্র সভায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয়। বিভাগীয় ও উচ্চ পর্যায়ে গঠিত তদন্ত কমিটি কর্তৃক তদন্ত কাজ সম্পন্ন হয়েছে। তদন্তে যদি জনাব এস এম আবদুল মালেক অভিযুক্ত না হন বা অভিযোগের সংঙ্গে সম্পৃক্ত না হন তাহলে তাকে পূর্বতন কর্মস্থলে/চট্টগ্রাম জেলায় পুনঃবহাল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট জোর দাবী জানানো হলো।

(খ) নব সৃষ্ট অঞ্চল কমিটি গঠন প্রসংগেঃ

সিদ্ধান্ত- রিভিজিট এর আলোকে রাজশাহী অঞ্চলকে ভেঙ্গে বগুড়া অঞ্চল, রংপুর অঞ্চলকে ভেঙ্গে দিনাজপুর অঞ্চল, যশোর অঞ্চলকে ভেঙ্গে খুলনা অঞ্চল এবং বরিশাল অঞ্চলকে ভেঙ্গে ফরিদপুর অঞ্চল করায় নব সৃষ্ট ৪টি অঞ্চলে নির্বাচিত প্রতিনিধিদের পদ সংরক্ষণ সহ সাংগঠনিক কাঠামো প্রণয়ন পূর্বক ঐ অঞ্চল সমূহের সাংগঠনিক কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি ও মহাসচিবকে বিশেষ দায়িত্ব প্রদান করা হলো।

(গ) পঞ্চগড় জেলা কমিটি এবং মুন্সিগঞ্জ জেলা কমিটির সমস্যা সমাধান সংক্রান্তঃ

সিদ্ধান্ত- নির্বাচন কমিশনের সহিত আলোচনা সাপেক্ষে পঞ্চগড় ও মুন্সিগঞ্জ জেলার নির্বাচনী জটিলতা নিরসনের জন্য কেন্দ্রীয় কমিটিকে অনুরোধ করা হলো।

জাতীয় কমিটির সভার দ্বিতীয়ার্ধে কৃষি কার্যক্রম জোরদার করণে ডিপ্লোমা কৃষিবিদদের ভূমিকা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মোঃ হামিদুর রহমান।

প্রধান অতিথির উপস্থিতিতে শুভেচ্ছা বক্তব্য প্রদানকালে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সভাপতি জনাব এ.টি.এম আবুল কাশেম নব নিযুক্ত মহাপরিচালক মহোদয়কে সংগঠনের পক্ষ থেকে অভিনন্দন জ্ঞাপন করেন। তিনি তার বক্তব্যে ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতন স্কেল সহ ২য় শ্রেণীর পদমর্যাদা বাস্তবায়নে মহাপরিচালক মহোদয়ের সহযোগিতা কামনা করেন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুমোদিত রিভিজিট সহনীয় ভাবে বাস্তবায়ন করার জন্য তিনি মহাপরিচালক মহোদয়কে অনুরোধ করেন। তিনি অনুমোদিত রিভিজিট-২০১৪ এ ডিপ্লোমা কৃষিবিদদের মোট পদসংখ্যা বৃদ্ধি পেলেও বিভিন্ন স্তরে পদ সংখ্যা কমে যাওয়া/অপর্যাপ্ত হওয়া/বিলুপ্ত হওয়ায় ডিপ্লোমা কৃষিবিদদের মনে হতাশা ও ক্ষোভের সৃষ্টি হয়েছে উল্লেখ করে ডিপ্লোমা কৃষিবিদ ইনষ্টিটিউশন,বাংলাদেশ এর প্রস্তাবনার আলোকে রিভিজিট রিভিউ করার জন্য মহাপরিচালক মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।রিভিজিটের আলোকে বদলীর জন্য একটি নীতিমালা প্রণয়ন পূর্বক মাঠে প্রেরণের জন্য তিনি মহাপরিচালক মহোদয়কে অনুরোধ করেন।

তাছাড়া তিনি এএইও/সমমান পদে পদোন্নতি, এইও পদে চলতি দায়িত্ব প্রদান, উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের সিলেকশন গ্রেড প্রদান, নিয়োগ বিধি সংশোধন ইত্যাদি ব্যপারে মহাপরিচালক মহোদয়ের সহযোগিতা কামনা করেন।

তিনি আ.কা.মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়ামে সংস্কারের পূর্বে ডিপ্লোমা কৃষিবিদদের জন্য ২টি রুম বরাদ্দ ছিল অথচ বর্তমানে মাত্র ১টি রুম ব্যবহারে অনুমতি প্রদান করা হয়েছে উল্লেখ্য করে কমপক্ষে ৪টি রুম প্রদানে জন্য মহাপরিচালক মহোদয়কে অনুরোধ করেন।

বর্তমানে ডিকেআইবি এর প্রধান কার্যালয় ভেঙ্গে নতুন ভবন নির্মান করা হবে মর্মে প্রকাশিত খবরের প্রেক্ষিতে উক্ত ভবন ভাঙ্গার পূর্বে ডিকেআইবির কার্যক্রম পরিচালনার জন্য অফিসের ব্যবস্থা সহ নব নির্মিত ভবনে ডিকেআইবির অফিসের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।

তিনি **ASIRP** প্রকল্পে রিভলভিং ফান্ডের মাধ্যমে ডিপ্লোমা কৃষিবিদদেরকে হায়ার পারচেজ ভিত্তিতে যে সংখ্যক মটর সাইকেল প্রদান করা হয়েছিল তার কিস্তি পরিশোধের প্রেক্ষিতে প্রায় ৫৫ লক্ষ টাকার একটি ফান্ড পরিচালক সরেজমিন মহোদয়ের একাউন্টে সংরক্ষিত আছে। উক্ত রিভলভিং ফান্ড ব্যবহার করে পুনরায় মটর সাইকেল ক্রয় করে ডিপ্লোমা কৃষিবিদদের মাধ্যে হায়ার পারচেজ ভিত্তিতে বিতরণ করার জন্য অনুরোধ করেন।

তিনি জনাব এস এম আবদুল মালেক, সহ-সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটি ও সভাপতি, চট্টগ্রাম জেলা কমিটিকে উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে পদ পরিবর্তন করে লালমনিরহাট জেলার কালিগঞ্জ উপজেলায় বদলীকৃত নেতাকে পুনরাই পূর্বতন কর্মস্থলে/চট্টগ্রাম জেলায় পুন বহাল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট জোর দাবী জানান।

প্রধান অতিথির বক্তব্যে মহাপরিচালক মহোদয় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর "কৃষি সম্প্রসারণ কার্যক্রম জোরদার করনে ডিপ্লোমা কৃষিবিদদের ভূমিকা" শীর্ষক কর্মশালা আয়োজন এর জন্য নেতৃবৃন্দকে অভিনন্দন জানান।

তিনি তার সুদীর্ঘ এবং সাবলীল বক্তব্যে বিভাগীয় দায়িত্ব পালনে সকলকে উদাত্ত আহবান জানান। বর্তমান অবস্থার প্রেক্ষিতে সরকার ও কৃষি বিভাগ প্রনীত কর্মসূচী মাঠ পর্যায়ে বাস্তবায়নে কোন রকম শৈথিল্যতা ও অবহেলা গ্রহন করা হবে না। সকল প্রকার দূর্নীতির ক্ষেত্রে "০" জিরো টলারেন্স নীতি কঠোর ভাবে অনুসরন করা হবে। এ ক্ষেত্রে সকল ডিপ্লোমা কৃষিবিদদের এই বার্তা পৌছে দেবার জন্য নেতৃবৃন্দের প্রতি আহবান জানান। কোথাও কোন দূর্নীতি বা অনিয়ম পরিলক্ষিত হলে সাথে সাথে সরাসরি মহাপরিচালকের মোবাইল নম্বরে অবহিত করার জন্য উপস্থিত সকলকে নির্দেশনা দেন।

এছাড়া নেতৃবৃন্দের বক্তব্যের আলোকে রিভিজিট রিভিউ, কর্মপরিধি, নিয়োগ বিধি সংশোধন প্রসঙ্গে বলেন যে, সংগঠনের প্রস্তাবনা ও ইতোমধ্যে গঠিত উপ কমিটির সুপারিশ অনুযায়ী অতিদ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। বিভিজিট অনুযায়ী উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের পদায়ন এর বিষয়ে ইতোপূর্বে মন্ত্রণালয় প্রণীত নীতিমালা অনুসরন করে সমম্বয় করা হবে, এক্ষেত্রে নেতৃবৃন্দকে সহযোগিতা করার জন্য আহবান জানান।

কৃষি ল্যাবরেটরী বিল্ডিংটি মালটিপারপাস বিল্ডিং করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছে। বিল্ডিংটি ভেঙ্গে নবনির্মিত বিল্ডিং এ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জন্য অফিস বরাদ্দ ও ভেঙ্গে ফেলার পর থেকে বিল্ডিং এর নির্মান কাজ সম্পন্নের পূর্ব পর্যন্ত আপাতত: বিকল্প অফিস কক্ষ বরাদ্দের জন্য সক্রিয় বিবেচনার আশ্বাস দেন।

বিভিন্ন পেশাগত কার্যাবলি যথা বিভিন্ন পদে পদোন্নতি, সিলেকশন গ্রেড, বিসিএস (কৃষি) ক্যাডারে চলতি দায়িত্বে পদোন্নতির বিধিগত ব্যবস্থা, সমাপ্ত প্রকল্পের মটর সাইকেল ক্রয় সংক্রান্ত বিষয়ে ব্যাংকে গচ্ছিত ৫৫ লক্ষ টাকা দিয়ে মটর সাইকেল ক্রয় ও উপসহকারী কৃষি কর্মকর্তাদের মধ্যে হায়ার পারচেজ এ মটর সাইকেল বরাদ্দের বিষয়ে মন্ত্রণালয়ে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের আশ্বাস দেন।

অত:পর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের বিভাগীয় সকল দায়িত্ব সৎ ও নিষ্ঠার সাথে পালন করার জন্য আহবান জানান এবং অসৎ কর্মকর্তা কর্মচারীদের প্রতি ঘৃণা ও ক্ষোভ প্রকাশ করে বক্তব্য শেষ করেন।

পরিশেষে সভাপতি সাহেব উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পারিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে তরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করেন এবং কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানানো সহ উপস্থিত নেতৃবন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষর/-এ.টি.এম আবুল কাশেম
সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ

স্মারক নং-ডিকেআইবি -রেজুঃ- ১২৩(৭৫০)
তারিখঃ ২৩/০৮/২০১৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৩. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কীত সংসদীয় স্থায়ী কমিটি।
০৫. মাননীয় সভাপতি, সরকারী প্রতিশ্রুতি সম্পর্কীত সংসদীয় স্থায়ী কমিটি।
০৬. মাননীয় সিনিয়র সচিব,অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৭. মাননীয় সচিব,কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৮. মাননীয় মহা-পরিচালক,কৃষি সম্প্রসারন অধিদপ্তর, খামার বাড়ী,ঢাকা।
০৯. মাননীয় মহাপরিচালক,বিএআরআই/বিআরআরআই,জয়দেবপুর,গাজীপুর।
১০. মাননীয় মহাপরিচালক, বিজেআরআই,মানিক মিয়া এভিনিউ, ঢাকা/বিনা,ময়মনসিংহ/এসআরআই, ঈশ্বরদী,পাবনা।
১১. মাননীয় নির্বাহী পরিচালক,তুলা উন্নয়ন বোর্ড,খামার বাড়ী, ঢাকা।
১২. মাননীয় পরিচালক,------------------------------------------------------------------।
১৩. মাননীয় অতিরিক্ত পরিচালক,কৃষি সম্প্রসারন অধিদপ্তর,------------------------------------।
১৪. মাননীয় অধ্যক্ষ,এ,টি,আই-------------------------------------------------------------।
১৫. মাননীয় উপ-পরিচালক কৃষি সম্প্রসারন অধিদপ্তর--------------------------------- জেলা।
১৬. মাননীয় সভাপতি/মহাসচিব কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ।
১৭. মাননীয় সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু কৃষিবিদ পরিষদ।
১৮. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১৯. প্রধান নির্বাচন কর্মকর্তা, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ।
২০. সভাপতি/সাধারণ সম্পাদক,------------------------------------অঞ্চল/সংস্থা সমন্বয় শাখা।
২১. সভাপতি/সাধারণ সম্পাদক, ------------------------------------ জেলা/সংস্থা/বিভাগ/ঢাকা মহানগর শাখা, ২০১৪ সালের আংশিক বকেয়া চাঁদা ও ২০১৫ সালের চাঁদা আগামী ১৫ সেপ্টেম্বর/২০১৫ এর মধ্যে সদস্য তালিকা সহ পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো।
২২. সভাপতি/সাধারণ সম্পাদক,---------------------------------- জেলা শাখা/সংস্থা শাখা। আপনার জেলা/সংস্থা শাখা হতে ২০১৪ সাল ও ২০১৫ সালের কোন চাঁদা পাওয়া যায় নাই। গঠনতন্ত্র মোতাবেক চাঁদা পরিশোধ না করার কারণে সদস্য পদ শূন্য হওয়ার আশংকা আছে। সে কারণে আগামী ১৫ সেপ্টেম্বর/২০১৫ এর মধ্যে অবশ্যই বকেয়া চাঁদা সদস্য তালিকা সহ পরিশোধ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
২৩. সভাপতি/সাধারণ সম্পাদক,---------------------------- উপজেলা/ইউনিট শাখা-----------------------------------জেলা।
২৪. জনাব -----------------------------------------------------------------------।
২৫. অফিস নথি।

(মোঃ আব্দুর রশিদ খান)
মহাসচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
মোবাইলঃ ০১৮১৯-৭২৪৭৫৭

প্রেরকঃ
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ
প্রধান কার্যালয়
কৃষি ল্যাবরেটরী বিল্ডিং,কৃষি খামার সড়ক,
ফার্মগেট,ঢাকা-১২১৫।

প্রাপক ঃ
সভাপতি / সাধারন সম্পাদক
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ
----------------------------উপজেলা/জেলা শাখা
প্রযত্নে- উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়
উপজেলা ঃ --------------------------------------
জেলা ঃ -----------------------------------------